**একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**ভূমি মন্ত্রণালয়**
**ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প**
**প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট**
**ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮**
**www.lmap.minland.gov.bd**

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৯২.০৩.০৪১.২৪-১২০১

তারিখঃ ২০ আশ্বিন ১৪৩২
০৫ অক্টোবর ২০২৫

**বিষয়ঃ ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্পের আওতায় ইউএনডিপি বাংলাদেশ কর্তৃক তথ্য সন্নিবেশ ও সংরক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে ঝালকাঠি জেলায় প্রতি ইউনিয়ন ভূমি অফিসের আওতায় ২-দিন ব্যাপী ৩টি ক্যাম্প পরিচালনার জন্য প্রচারণা কার্যক্রম পরিচালনা ও প্রশাসনিক সহায়তা প্রদান প্রসঙ্গে**

সূত্র : (১) প্রকল্প অফিসের স্মারক নংঃ ৩১.০০.০০০০.০৯২.০৫৪.০১.২৫.৯০১; তারিখঃ ২৭ জুলাই ২০২৫
(২) প্রকল্প অফিসের স্মারক নংঃ ৩১.০০.০০০০.০৯২.০২.০০৫.২৪-৯৮৮; তারিখঃ ২০ আগস্ট ২০২৫
(৩) ইউএনডিপি স্মারক নংঃ UNDP-LDD8IG/MoL/LMAP/২০২৫/০৫৫; তারিখঃ ৪ অক্টোবর ২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সারাদেশে ভূমি সেবা প্রত্যাশীদের উন্নততর ও সুষম সেবা প্রদানের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্পের মাধ্যমে ইন্টিগ্রেটেড ও অটোমেটেড ভূমি সেবা সফটওয়্যার (land.gov.bd) ডেভেলপ করা হয়েছে। নাগরিকগণকে ভূমি সেবা নিশ্চিত করতে এ সফটওয়্যারে ভূমির সর্বশেষ জরিপের খতিয়ান ও উক্ত খতিয়ানের ভিত্তিতে সৃজিত নামজারী খতিয়ানসমূহ এবং সংশ্লিষ্ট হোল্ডিংসহ নাগরিক নিবন্ধনের তথ্যাদি সফটওয়্যারে এন্ট্রি করার কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

২। উপরোক্ত কর্মপরিকল্পনার ধারাবাহিকতায় প্রাথমিক পর্যায়ে পাইলটিং আকারে ৮ বিভাগের ৮টি জেলার (চুয়াডাঙ্গা, ঝালকাঠি, শেরপুর, ফেনী, জয়পুরহাট, রাজবাড়ী, গাইবান্ধা ও হবিগঞ্জ) ভূমি ডাটাসমূহ শতভাগ ও নির্ভুলভাবে এন্ট্রি করার লক্ষ্যে ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প এবং ইউএনডিপি, বাংলাদেশ এর মধ্যে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। চুক্তির আলোকে ইউএনডিপি, বাংলাদেশ নির্ধারিত মৌজাসমূহের সর্বশেষ জরিপের রেকর্ডীয় ও নামজারি খতিয়ান, রেজি-২ এর সংশ্লিষ্ট হোল্ডিং এর তথ্য যাচাই, সংশোধন/ এন্ট্রি করবে। এছাড়াও তারা সফটওয়্যার সিস্টেমের সাথে ভূমি মালিকগণকে সম্পৃক্ত করতে ইউনিয়ন পর্যায়ে ক্যাম্প স্থাপনের মাধ্যমে ক্যাম্পে আগত ভূমি মালিকদের জাতীয় পরিচয়পত্র নম্বর ও মোবাইল নম্বর সংগ্রহপূর্বক তা সফটওয়্যার সিস্টেমে এন্ট্রি করবে এবং ভূমি মালিকগণকে ভূমি সেবা সফটওয়্যারে রেজিস্ট্রেশন ও প্রোফাইল তৈরিতে সহায়তা করবে। এজন্য প্রতিটি ইউনিয়ন ভূমি অফিসের আওতায় ২-দিন ব্যাপী ৩টি ক্যাম্প স্থাপন করা হবে (বৃহস্পতি ও শুক্রবার ২টি ক্যাম্প এবং শনিবার ও রবিবার ১টি ক্যাম্প পরিচালিত হবে)।

৩। এরই ধারাবাহিকতায় ঝালকাঠি জেলার উপজেলাসমূহের সকল পৌর/ইউনিয়ন ভিত্তিক ভূমি অফিসসমূহে সকাল ৯:০০-বিকাল ৫:০০ নিম্নোক্তভাবে ক্যাম্প স্থাপন করার পরিকল্পনা করা হয়েছেঃ (এতদসাথে সংযুক্ত)

| ক্রম | উপজেলা | ইউনিয়ন ভূমি অফিস | ক্যাম্প স্থাপনের তারিখ | | |
|---|---|---|---|---|---|
| | | | ক্যাম্প-১ | ক্যাম্প-২ | ক্যাম্প-৩ |
| ১. | সদর উপজেলা | পৌরসভা ভূমি অফিস | ০৯-১০ অক্টোবর ২০২৫ (বৃহস্পতিবার ও শুক্রবার) | | ১১-১২ অক্টোবর ২০২৫ (শনিবার ও রবিবার) |
| ২. | সদর উপজেলা | পোনাবালিয়া ভূমি অফিস | | | |
| ৩. | সদর উপজেলা | বাসডা ভূমি অফিস | | | |
| ৪. | সদর উপজেলা | শেখেরহাট ভূমি অফিস | | | |
| ৫. | সদর উপজেলা | গাভা রামচন্দ্রপুর ভূমি অফসি | | | |
| ৬. | সদর উপজেলা | বিনয়কাঠী ভূমি অফিস | | | |
| ৭. | সদর উপজেলা | নবগ্রাম ভূমি অফিস | | | |
| ৮. | সদর উপজেলা | কীর্তিপাশা ইউনিয়ন ভূমি অফিস | | | |
| ৯. | সদর উপজেলা | গাবখান ধানসিড়ি ইউনিয়ন ভূমি অফিস | | | |
| ১০. | সদর উপজেলা | নতুল্লাবাদ ইউনিয়ন ভূমি অফিস | | | |
| ১১. | সদর উপজেলা | কেওড়া ইউনিয়ন ভূমি অফিস | | | |

| ক্রম | উপজেলা | ইউনিয়ন ভূমি অফিস | ক্যাম্প স্থাপনের তারিখ | | |
|---|---|---|---|---|---|
| | | | ক্যাম্প-১ | ক্যাম্প-২ | ক্যাম্প-৩ |
| ১২. | নলছিটি | পৌর ভূমি অফিস | | | |
| ১৩. | নলছিটি | কুলকাঠি ইউনিয়ন ভূমি অফিস | | | |
| ১৪. | নলছিটি | কুশংগল ইউনিয়ন ভূমি অফিস | | | |
| ১৫. | নলছিটি | সিদ্ধকাঠি ইউনিয়ন ভূমি অফিস | | | |
| ১৬. | নলছিটি | রানাপাশা ইউনিয়ন ভূমি অফিস | | | |
| ১৭. | নলছিটি | মগইড় ইউনিয়ন ভূমি অফিস | | | |
| ১৮. | নলছিটি | সুবিদপুর ইউনিয়ন ভূমি অফিস | | | |
| ১৯. | নলছিটি | দপদপিয়া ইউনিয়ন ভূমি অফিস | | | |
| ২০. | কাঠালিয়া | পাটিখালঘাটা ইউনিয়ন ভূমি অফিস | ১৬-১৭ অক্টোবর ২০২৫ (বৃহস্পতিবার ও শুক্রবার) | | ১৮-১৯ অক্টোবর ২০২৫ (শনিবার ও রবিবার) |
| ২১. | কাঠালিয়া | চেচরীরামপুর ইউনিয়ন ভূমি অফিস | | | |
| ২২. | কাঠালিয়া | শৌলজালিয়া ইউনিয়ন ভূমি অফিস | | | |
| ২৩. | কাঠালিয়া | আমুয়া ইউনিয়ন ভূমি অফিস | | | |
| ২৪. | কাঠালিয়া | কাঠালিয়া সদর ইউনিয়ন ভূমি অফিস | | | |
| ২৫. | কাঠালিয়া | আওরাবুনিয়া ইউনিয়ন ভূমি অফিস | | | |
| ২৬. | রাজাপুর | বরইয়া ইউনিয়ন ভূমি অফিস | | | |
| ২৭. | রাজাপুর | শুক্তাগড় ইউনিয়ন ভূমি অফিস | | | |
| ২৮. | রাজাপুর | গালুয়া ইউনিয়ন ভূমি অফিস | | | |
| ২৯. | রাজাপুর | সাতুরিয়া ইউনিয়ন ভূমি অফিস | | | |
| ৩০. | রাজাপুর | রাজাপুর ইউনিয়ন ভূমি অফিস | | | |
| ৩১. | রাজাপুর | মঠবাড়ি ইউনিয়ন ভূমি অফিস | | | |

৪। প্রকল্প অফিসের সিদ্ধান্ত মতে সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি অফিসের আওতাধীন ৩টি উপযুক্ত শিক্ষা প্রতিষ্ঠান যেখানে বিদ্যুৎ সংযোগ ও ভাল অবকাঠামো রয়েছে তা নির্বাচন করবেন এবং ইউনিয়ন ভূমি অফিসসমূহের আওতাভুক্ত জনসমাগমপূর্ণ ৩টি স্থানে ২-দিনব্যাপী ক্যাম্পের তারিখ ও স্থান সম্পর্কে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণকে অবহিত করবেন।

৫। ভূমি মালিকগণকে ক্যাম্পে আসার জন্য উদ্বুদ্ধ করতে ইউনিয়ন ভূমি অফিস অধিক্ষেত্র এলাকায় ক্যাম্প পূর্ববর্তী প্রচারণা কার্যক্রম যেমনঃ ২-৩ দিনব্যাপী মাইকিং, লিফলেট বিতরণ, এসএমএস, মসজিদ ও ধর্মীয় উপাসনালয়ে প্রচার, ক্যাবল টিভি স্ক্রিন স্ক্রলিং, জনসংযোগ, প্রমোশনাল ভিডিও ইত্যাদি গ্রহণ করতে হবে। ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প হতে প্রচারণা কার্যক্রম সংক্রান্ত বরাদ্দ ইতোমধ্যে সূত্রস্থ ২ নং স্মারকে তাঁর বরাবর প্রেরণ করা হয়েছে।

৬। এমতাবস্থায়, উল্লেখিত তারিখে ক্যাম্পসমূহ পরিচালনার জন্য ক্যাম্পের স্থান নির্ধারণ পূর্বক ব্যাপক প্রচারণা কার্যক্রম পরিচালনা করা ও এ বিষয়ে ইউএনডিপি-কে সার্বিক সহায়তা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি) এবং সহকারী ভূমি কর্মকর্তা/ উপ-সহকারী ভূমি কর্মকর্তা গণকে নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হল।


মো: পারভেজ হাসান বিপিএএ
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ০২২২৩-৩১৪৬১৯ (অফিস)
pdlandautomation@gmail.com


জেলা প্রশাসক
ঝালকাঠি

**অনুলিপি (সদয় অবগতি কার্যার্থে/ জ্ঞাতার্থে; জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। বিভাগীয় কমিশনার, বরিশাল
২। অতিরিক্ত সচিব (উন্নয়ন/ডিকেএমপি), ভূমি মন্ত্রণালয়
৩। উপ-প্রকল্প পরিচালক (আইসিটি/ বাস্তবায়ন), ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ঝালকাঠি
৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঝালকাঠি
৬। সহকারী কমিশনার (ভূমি) (সকল), ঝালকাঠি